

এই সেনারা সেই সে নারা

এই সেনা ভাই সেই সেনা কি? এই সেনারা কি,
পষ্ট করে বলতে সেটা কলম ধরেছি।

কথায় বলে সৈন্যদলের বুদ্ধিটা হাঁটুতে,
আমরা ঘর্মেশ্রমে ঘোরাই অর্থনীতির চাকা,
উৎপাদন তো করে না ভাই কিচ্ছু কোনকালে,
গরীব জাতির মাংস খেয়ে হচ্ছে মোটা তাজা,
আহার-বিহার পোষাক বাড়ী খাচ্ছে মুফত সব,
খায় যত তার কোন কিচ্ছুই দেয় না ফেরৎ তো,

অনেক জাতিই ঠেকেছে এই দিল্লীকা লাড্ডুতে।
ওদের শুধু লেফট রাইট আর মুখের বুলি ফাঁকা।
অথচ এই পরগাছারা খাচ্ছে রাজার হালে।
অথচ তার ভাবটা এমন, ওরাই যেন রাজা।
গরীব দেশের ঘাড়ে ওদের বিপুল মহোৎসব।
জাতির ওপর ডাঙাবাজীই ওদের বীরত্ব।

ইতিহাসের শিক্ষা এটা, ভুল যেন না হয়!!
হত্যাকারীর অস্ত্র ওরা, ডিস্টেটরের কড়ি,
প্রতিরক্ষা শিকেয় তুলে গদীর লোভে ক্রমে,
এই সেনারা সেই সে নারা দিচ্ছে উঁচু গলায়

অত্যাচারীর অস্ত্র ওরা, দেশ-প্রহরী নয়!
এই নিধিরাম সর্দারেরা জাতির গলায় দড়ি।
নিজেরই দেশ জয় করে সে বিপুল বিক্রমে!
অতিষ্ঠ দেশ ওদের অত্যাচার ও ছলা-কলায়।

এই সেনা আর চাইনে রে ভাই, চাইনে সেনাপতি,
ইস্পাত-এক্যে বানানো চাই গণবাহিনী,

জনগণই হয়ে উঠুক সব অগতির গতি।
এটাই শেখায় একান্তরের বিজয় কাহিনী!

“আমার পয়সা দিয়ে অস্ত্র কিনেছি বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য -
আর সেই অস্ত্র ব্যবহার হচ্ছে আমার দেশের গরিব-দুঃখী আর্ত মানুষদের বিরুদ্ধে.....!!!!”

-- কে যেন বজ্রকণ্ঠে বলেছিল ! কার কথা যেন বলেছিল !!

এই সেনারা সেই সে নারা দিচ্ছে আবার, একি!
স্বাধীন দেশে ছদ্মবেশে নষ্ট পাকি দেখি !!

হাসান মাহমুদ

২৪শে আগষ্ট ৩৭ মুক্তিসন